



স্পন্দন-বি মেধা বৃত্তি পরীক্ষা ২০১০
(অষ্টম শ্রেণী)


মোট প্রশ্ন : ৬০ টি
মোট নম্বর: ৭০০
সময় সীমা: ২:৩০ ঘন্টা

ছাত্র/ছাত্রী-র নাম : _____ রোল নং: _____


বিদ্যালয়-এর নাম: _____

নির্দেশনা: এই প্রশ্ন পত্রে ১০, ১৫ এবং ২০ এই বিভিন্ন মানের মোট ৬০-টি প্রশ্ন আছে। প্রশ্নের মান প্রতিটি প্রশ্নের নম্বরের পাশেই দেওয়া আছে। উত্তর সম্পর্কিত সকল লেখা প্রশ্নপত্রের মধ্যেই করতে হবে। প্রতিটি প্রশ্নের উত্তর কিভাবে পেলে তা প্রশ্নের নীচের প্রদত্ত জায়গায় দেখাও। অতিরিক্ত জায়গার প্রয়োজন হলে প্রশ্নপত্রের বিপরীত দিকে লিখ।

১। (নম্বর ১০) একটি ত্রিমাত্রিক বস্তুর সামনের, উপরের এবং এক-ধারের ছবি নিচে দেওয়া হল।



নিচের কোনটি ঐ বস্তুটি বলে তুমি মনে কর?




উত্তর:

২। (নম্বর ১০) কিরন-এর বয়স k বছর। রাহুল-এর বয়স r বছর যা কিনা কিরন-এর বয়সের ২-গুনের চাইতে ৬ বেশী। রাহুল-এর বয়স এবং কিরন-এর বয়স একটি সমীকরণের মাধ্যমে প্রকাশ কর।

উত্তর:

৩। (নম্বর ১০) নিচের গ্রাফটিতে যুক্তরাষ্ট্রের কিছু উঁচু গাছের উচ্চতা দেখান হয়েছে। নিচের কোন উত্তরটি সঠিক?



- ক গ্রাফটিতে দেখানো সবচেয়ে ছোট গাছ তিনটি ওয়াশিংটন-এ
 খ সবচাইতে ছোট এবং সবচাইতে উঁচু গাছ দুটি ওয়াশিংটন-এ
 গ রেড-উড গাছ স্প্রুস-এর চাইতে তিনগুন উঁচু
 ঘ ইউক্যালিপটাস গাছের উচ্চতা ডগলাস ফার গাছের উচ্চতার প্রায় অর্ধেক

৪। (নম্বর ১০) মাশিয়া-র একটি আয়তাকার প্রিজম আছে। যদি ঐ প্রিজমটির দৈর্ঘ্য 14 সেন্টিমিটার এবং প্রস্থ 6 সেন্টিমিটার হয় এবং আয়তন 840 ঘন-সেন্টিমিটার হয়, তবে ঐ প্রিজমটির উচ্চতা কত?

উত্তরঃ

৫। (নম্বর ১০) একটি দৌড় প্রতিযোগিতায় যদি তুমি অবশেষে প্রথম থেকে দ্বিতীয় স্থানে যে প্রতিযোগী তাকে অতিক্রম করতে সক্ষম হও তবে ঐ প্রতিযোগিতায় তোমার ফলাফল কি?

উত্তরঃ

৬। (নম্বর ১০) পরান-এর বাবার 5 ছেলে। প্রথম ছেলের নাম দশমার, দ্বিতীয় ছেলের নাম বিশমার, তৃতীয় ছেলের নাম ত্রিশমার, চতুর্থ ছেলের নাম চল্লিশমার। পঞ্চম ছেলের নাম কি?

উত্তর:

৭। (নম্বর ১০) 5-জনের জন্য রুটি তৈরি করতে $2\frac{1}{2}$ কাপ আটা লাগে তবে 8 জনের জন্য কতটুকু আটা লাগবে?

উত্তর:

৮। (নম্বর ১০) মরিয়ম, জাভেদ এবং বারেক একটি পরীক্ষার জন্য কে কত ঘন্টা প্রস্তুতি নিয়েছে তা তুলনা করছে।





- মরিয়ম জাভেদ-এর তুলনায় ২ ঘন্টা কম প্রস্তুতি নিয়েছে।
- জাভেদ বারেক-এর চাইতে ৪ ঘন্টা বেশী প্রস্তুতি নিয়েছে।
- বারেক ৩ ঘন্টা প্রস্তুতি নিয়েছে।

এই তথ্যের উপর ভিত্তি করে নিচের কোনটি সত্য বলে তুমি মনে কর?

- ক জাভেদ ১ ঘন্টা প্রস্তুতি নিয়েছে
খ মরিয়ম ৫ ঘন্টা প্রস্তুতি নিয়েছে
গ বারেক মরিয়মের চাইতে ২ ঘন্টা বেশী প্রস্তুতি নিয়েছে
ঘ মরিয়ম, জাভেদ এবং বারেক একত্রে ৯ ঘন্টা প্রস্তুতি নিয়েছে


উত্তর:

৯। (নম্বর ১০) আজগর একটি গ্রাফ ঐক্কেছে যেখানে $\frac{1}{2}$ ইঞ্চি স্কেল 5 ফুট-কে প্রকাশ করে। নিচের কোনটি আজগরের গ্রাফটি বলে তুমি মনে কর?



উত্তর:

১০। (নম্বর ১০) একটি নাচের ক্লাসে ৪ জন ছাত্রি আছে। নিচের ছবিগুলোতে এই ৪ জনকে ১ থেকে ৪ এই নম্বরের মাধ্যমে প্রকাশ করা হয়েছে। যদি প্রত্যেকটি ছাত্রি আরেকজন ছাত্রির সাথে মিলে দল তৈরি করতে হয়, তবে নিচের কোন ছবিটি সম্ভাব্য সকল ধরনের দল প্রকাশ করে।



উত্তর:

১১। (নম্বর ১০) নিচের ছাঁকটিতে একটি সিরিজ-এর প্রথম ৫-টি অবস্থানের মান দেখানো হয়েছে। এই সিরিজের n অবস্থানের মান কত?

অবস্থান	১	২	৩	৪	৫
মান	$3/4$	$3/2$	$9/4$	৩	$15/4$

উত্তর:


১২। (নম্বর ১০) ২০-টি গাড়ি পরিষ্কার করতে যদি ৯০ মিনিট সময় লাগে তবে ৫-টি গাড়ি পরিষ্কার করতে কত সময় লাগবে?

উত্তর:


১৩। (নম্বর ১০) একজন ক্রিড়া-শিক্ষক তার শিক্ষার্থীদের মাঝে কয়জন ক্রিকেট এবং কয়জন ফুটবল খেলতে চায় এই বিষয়ে একটি পরিসংখ্যান পরিচালনা করে। পরিসংখ্যান-এর ফলাফল নিম্নরূপ -

- ২০ জন ক্রিকেট খেলতে আগ্রহী
- ৪০ জন ফুটবল খেলতে আগ্রহী
- ১০ জন ক্রিকেট এবং ফুটবল দুটি খেলায় খেলতে আগ্রহী


নিচের কোন ভেন (Venn) চিত্রটি এই পরিসংখ্যানটিকে প্রকাশ করে?




(ক)



(খ)




(গ)



(ঘ)

উত্তর:

১৪। (নম্বর ১০) নিচের গ্রাফটিতে একটি সাইকেল-এর পরিভ্রমণের পথ দেখানো হয়েছে। নিচের কোনটি এই পরিভ্রমণ পথের উপর অবস্থিত?



- (ক) (2,-5) (খ) (-5,-3) (গ) (4,3) (ঘ) (2,0) (ঙ) (-2,-6)

উত্তর:


১৫। (নম্বর ১০) নিচের কোন সমীকরণটি 4-মাইলে কত গজ তা প্রকাশ করে?

(ক) $y = \frac{1760}{4}$ (খ) $y = 4 * 1760$ (গ) $y = 4 * 5280$ (ঘ) $y = \frac{5280}{4}$

উত্তর:

১৬। (নম্বর ১০) নিচের ছবিতে একটি সিলিন্ডারের পরিমাপ দেখানো হয়েছে। সিলিন্ডারটির আয়তন কত?

(ইঙ্গিতঃ একটি বৃত্তের ব্যাসার্ধ r হলে তার ক্ষেত্রফল $A = \pi r^2$ যেখানে $\pi = 22/7$)



উত্তর:

১৭। (নম্বর ১০) একটি হাতুরি আর একটি পেরেক-এর একত্রে দাম 31 টাকা। যদি হাতুরির দাম পেরেক-এর চাইতে 30 টাকা বেশি হয় তবে হাতুরি আর পেরেকের পৃথক পৃথক দাম কত?

উত্তর:

১৮। (নম্বর ২০) একটি ঘরে 7 জন মানুষ থাকে। প্রতিটি মানুষের 7টি বাস্র আছে। প্রতিটি বাস্র 7টি বিড়াল আছে। প্রতিটি বিড়ালের সাথে 7 টি বাচ্চা বিড়াল আছে। ঐ ঘরে মোট কতগুলো পা আছে?

উত্তর:

১৯। (নম্বর ১৫) একটি গাড়ি ২ মাইল দূরের একটি গন্তব্যের উদ্দেশ্যে যাত্রা শুরু করল। প্রথম ১ মাইল গাড়িটি ঘন্টায় ৬০ মাইল গতিবেগে চলল। দ্বিতীয় মাইল ঘন্টায় কত গতিবেগে চললে গাড়িটির মোট গড় গতিবেগ ঘন্টায় ৬০ মাইল হবে?

উত্তর:


২০। (নম্বর ২০) একটি সামুদ্রিক মাছের সম্পূর্ণ দৈর্ঘ্য তিনটি অংশে ভাগ করা যায় - মাথা, দেহ এবং লেজ। লেজটি মাথার চাইতে সম্পূর্ণ দৈর্ঘ্যের এক-চতুর্থাংশ বেশী। দেহ সম্পূর্ণ দৈর্ঘ্যের তিন-চতুর্থাংশ। মাথার দৈর্ঘ্য ৪ সেন্টিমিটার। তবে মাছটির সম্পূর্ণ দৈর্ঘ্য কত?

উত্তর:

২১। (নম্বর ২০) একটি আইসক্রিমের দোকানে ৯ ধরনের আইসক্রিম পাওয়া যায়। একদিন কতগুলো স্কুল-ছাত্রী ঐ দোকানে এসে প্রত্যেকেই ২ চামচ করে আইসক্রিম কিনলো। যদি প্রত্যেকেই ২ ধরনের আইসক্রিম কেনে এবং কোন একজনের পছন্দের সাথে আরেকজনের পছন্দের ছবছ মিল না হয় এবং যদি সেদিন সব ধরনেরই আইসক্রিম বিক্রি হয় তবে ঐ দোকানে সেদিন কত গুলো ছাত্রী এসে ছিল?

উত্তর:

২২। (নম্বর ১৫) নিচের বৃত্তের পরিধিতে 5 টি বিন্দু আছে। এই বিন্দু গুলো দিয়ে সর্বোমোট কতগুলো ত্রিভুজ আঁকা যাবে?



উত্তর:


২৩। (নম্বর ১৫) একটি 12 মাইল দীর্ঘ রাস্তার দুই প্রান্তে দুই বন্ধু দাড়িয়ে আছে। রাস্তার ঠিক মধ্যবিন্দুতে তাদের মিলিত হওয়ার কথা। তারা একই সময়ে পরস্পরের উদ্দেশ্যে যাত্রা শুরু করল। এক বন্ধু ঘন্টায় 5 মাইল গতিবেগে হাটল এবং আরেক বন্ধু ঘন্টায় 4 মাইল গতিবেগে হাটল। তবে যাত্রা শুরুর কতক্ষণ পরে মধ্যবিন্দুতে দুই বন্ধু আবার মিলিত হলো?

উত্তর:

২৪। (নম্বর ১৫) একটি সিনেমা হলে টিকেটের দাম 10 টাকা। হলের মালিক দর্শক সংখ্যা বাড়ানোর জন্য টিকেটের দাম কমিয়ে দিল। এর ফলে মোট দর্শক সংখ্যা শতকরা 50 ভাগ বৃদ্ধি পেল কিন্তু মোট আয় বৃদ্ধি পেল মাত্র শতকরা 20 ভাগ। হ্রাসকৃত টিকেটের মূল্য কত ছিল?


উত্তর:

২৫। (নম্বর ২০) একটি খাঁড়া দেয়ালে একটি মই রাখা আছে। মইটির পা দেয়াল থেকে 15 ফুট দূরে। যদি মইটির পা-টিকে দেয়াল থেকে আরো 9 ফুট দূরে ঠেলে দেওয়া হয় তবে মইটির মাথাটি আগের অবস্থান থেকে 13 ফুট নীচে নেমে আসে। মইটির দৈর্ঘ্য কত?



উত্তর:

২৬। (নম্বর ১৫) নিচের চিত্রে একটি বৃত্তের ভিতরে একটি ত্রিভুজ-কে বসানো হয়েছে। কোণ $BAC = 90^\circ$, DB, DA এবং DC সমান। যদি AB বাহুর দৈর্ঘ্য 3 ফুট হয় এবং AC বাহুর দৈর্ঘ্য 4 ফুট হয় তবে ঐ বৃত্তের পরিধি কত? (ইঙ্গিতঃ একটি বৃত্তের ব্যাসার্ধ r হলে তার পরিধি $2\pi r$ যেখানে $\pi = 22/7$)



উত্তর:

২৭। (নম্বর ১৫) একজন সঙ্গিত শিক্ষক-এর ছাত্রপ্রতি মাসিক বেতন 200 টাকা। যদি কোন ছাত্র তিন মাসের বেতন একবারে দেয় তবে সে 100 টাকা ছাড় পায়। যদি ঐ শিক্ষকের মোট 11 জন ছাত্র থাকে এবং এর মধ্যে 3 জন ছাত্র প্রতি তিন মাসের বেতন একবারে দেয় তবে ঐ শিক্ষকের বাৎসরিক আয় কত?


উত্তর:

২৮। (নম্বর ১৫) একটি লাল পাত্রে 8 টি লাল, 8 টি নিল, 8 টি সবুজ এবং 8 টি হলুদ রং-এর মার্বেল আছে। আরেকটি নিল পাত্রে 6টি লাল, 6টি নিল, 6টি সবুজ এবং 6টি হলুদ রং-এর মার্বেল আছে। যদি একজন না দেখে লাল পাত্র থেকে একটি মার্বেল তুলল এবং নিল পাত্র থেকে আরেকটি মার্বেল তুলল, তবে দুটি মার্বেলই সবুজ হওয়ার সম্ভাবনা কত?


উত্তর:

২৯। (নম্বর ১০)

নিচের ছবিগুলো ক-সেটের অন্তর্ভুক্ত।



নিচের ছবিগুলো ক-সেটের অন্তর্ভুক্ত নয়।




তবে নিচের কোনটি ক-সেট-এর অন্তর্ভুক্ত হতে পারে বলে তুমি মনে কর?



উত্তর:

৩০। (নম্বর ১০) নিচের মানচিত্রে প্রশান্ত মহাসাগরের তিনটি দ্বীপের অবস্থান দেখানো হয়েছে। নিব্বুম দ্বীপ থেকে প্রবাল দ্বীপের সর্বনিম্ন দূরত্ব কত?




উত্তর:

৩১। (নম্বর ১০) একটি শহরে দুইটি ভিডিও-র দোকান আছে। লুক ভিডিও-র মাসিক সদস্য ফি ৪৫ টাকা এবং প্রতি ভিডিও-র ভাড়া ২ টাকা। বেস্ট ভিডিও-র কোন সদস্য ফি নাই তবে তার প্রতি ভিডিও-র ভাড়া ৫ টাকা। যদি কেউ দুই দোকান থেকেই সমান সংখ্যক ভিডিও ভাড়া করে, তবে এক মাসে সর্বোচ্চ কত গুলো ভিডিও ভাড়া করা যাবে যাতে দুই দোকানেই সম-পরিমাণ খরচ হয়?


উত্তর:

৩২। (নম্বর ১০) করিম কতগুলো টিনের কৌটা দিয়ে নিচের চিত্র মত একটি আয়োজন করেছে। চিত্রে তিন সারি দেখান হলো। ৭-টি সারি তৈরি করতে করিমের কতগুলো কৌটার প্রয়োজন পরবে?



উত্তর:


৩৩। (নম্বর ১০) একটি ক্লাস-রুমের দেয়াল-এর রং কি হবে এই নিয়ে ছাত্র-দের মাঝে একটি সমীক্ষা পরিচালনা করা হয়। সমীক্ষার ফলাফল নিচের পাই-চিত্রে দেখানো হল। এই চিত্র অনুযায়ী নিচের কোন ছকটি ঐ ক্লাসের সমীক্ষার প্রকৃত প্রাপ্ত ফলাফল বলে তুমি মনে কর?



ক		খ		গ		ঘ	
রং	ভোট সংখ্যা	রং	ভোট সংখ্যা	রং	ভোট সংখ্যা	রং	ভোট সংখ্যা
নিল	25	নিল	40	নিল	90	নিল	50
লাল	20	লাল	50	লাল	72	লাল	40
কাল	35	কাল	60	কাল	126	কাল	70
হালুদ	20	হালুদ	50	হালুদ	72	হালুদ	40

উত্তর:

৩৪। (নম্বর ২০) নিচের চিত্রে x কোণ-এর মান কত?



উত্তর:

৩৫। (নম্বর ১০) ৫টি বল আর তিনটি রয়াকেট-এর একত্রে দাম 23 টাকা। 5টি বল আর 1টি রয়াকেটের একত্রে দাম 20 টাকা। একটি বল-এর দাম কত?

উত্তর:

৩৬। (নম্বর ১০) 2010 সালে আকবর-এর ভাই বাবর-এর বয়স তার বোন নুরমহল-এর বয়সের দ্বিগুন-এর চাইতে 2 বছর কম। বাবর-এর বয়স নুরমহল-এর বয়সের তিনগুনের সাথে যোগ দিলে 58 বছর হয়। নুরমহল-এর বয়স কত?

উত্তর:

৩৭। (নম্বর ১০) রাজধানী স্কুলের মাঠে একটি পুকুর কাটা হচ্ছে। পুকুর-টির মাপ হবে 20 ফুট \times 40 ফুট \times 10 ফুট। পুকুরটির কাটা মাটি একটি ট্রাক দিয়ে অন্যত্র নিয়ে যাওয়া হবে। যদি ট্রাক-টির মাল ধরার ক্ষমতা 10 ফুট \times 5 ফুট \times 2 ফুট হয় তবে কতবার ট্রাকটির মাটি বহন করে নিয়ে যেতে হবে?

উত্তর:

৩৮। (নম্বর ১০) জামাল তার বাবাকে তাদের বাগান তৈরি করতে সাহায্য করেছে। গত বছর তাদের বাগানের আকৃতি ছিল একটি বর্গক্ষেত্র। বাগানের দৈর্ঘ্য 3 ফুট বৃদ্ধি করে এবং প্রস্থ 3 ফুট কমিয়ে এ বছর তারা তাদের বাগানটিকে আয়তাকার রূপ দিতে চায়। এর ফলে এই বছর বাগানটির ক্ষেত্রফলের কি পরিবর্তন হল?

উত্তর:

৩৯। (নম্বর ১৫) একটি ঘন বস্তুর প্রতিটি বাহুর দৈর্ঘ্য 20% বৃদ্ধি করা হলে তার সব ধারের মোট ক্ষেত্রফল শতকরা কত বৃদ্ধি পাবে?

উত্তর:

৪০। (নম্বর ২০) একটি আইসক্রিম তৈরি করার যন্ত্র প্রতি ঘন্টায় 20টি আইসক্রিম তৈরি করতে পারে কিন্তু প্রতি 15 মিনিটে একটি করে আইসক্রিম গলে যায়। যদি যন্ত্রটি 5 ঘন্টা কাজ করে, তবে কাজ শেষ করার মুহূর্তে কতগুলো আইসক্রিম অবশিষ্ট থাকবে?

উত্তর:

৪১। (নম্বর ১০) নিচের কোন শক্তির উৎস পরিবেশ-বান্ধব?

- (ক) খনিজ তেল (খ) কয়লা (গ) প্রাকৃতিক গ্যাস (ঘ) সৌর শক্তি
(ঙ) পারমানবিক শক্তি

উত্তর:

৪২। (নম্বর ১০) মানুষের পরিপাক তন্ত্রের প্রধান কাজ -

- (ক) শরীরে অক্সিজেন এবং কার্বন-ডাই-অক্সাইড -এর আদান-প্রদান করা
(খ) শর্করা ভেঙ্গে শক্তি তৈরি করা
(গ) খাদ্যবস্তুকে ভেঙ্গে শরীরের শোষণ উপযোগী করা
(ঘ) শরীরের কোষে কোষে পুষ্টি পৌঁছে দেওয়া
(ঙ) শরীরের বর্জ্য নিষ্কাশন

উত্তর:

৪৩। (নম্বর ১০) মানুষের দেহের বৃদ্ধি নিচের কোনটির ফলাফল

- (ক) নিঃসরণ (খ) কোষ-বিভাজন (গ) পরিবহন (ঘ) আন্তিকরন (ঙ) প্রজনন

উত্তর:

৪৪। (নম্বর ১০) আকাশের মেঘ নিচের কোনটির ফলাফল

(ক) বাষ্পিভবন (খ) ঘনিভবন (গ) তরলিকরন (ঘ) নিঃসরণ (ঙ) পরিবহন

উত্তর:

৪৫। (নম্বর ১০) পৃথিবী-তে একটি ঘন্টার আওয়াজ তুমি 500 মিটার দূর থেকে শুনতে পাও। চাঁদ-এর মধ্যাকর্ষন শক্তি পৃথিবীর মাধ্যাকর্ষনের চাইতে প্রায় 5 গুন কম। তবে চাঁদে ঐ ঘন্টার আওয়াজ তুমি কত দূর থেকে শুনতে পাবে?

উত্তর:

৪৬। (নম্বর ১০) আলোক-রশ্মি যখন এক মাধ্যম থেকে অন্য মাধ্যমে প্রবেশ করে তখন তা বেঁকে যায়। এই ঘটনাকে বলে -

(ক) প্রতিফলন (খ) প্রতিকিরন (গ) প্রতিসাধন (ঘ) প্রতিসরন
(ঙ) প্রতিহরন

উত্তর:

৪৭। (নম্বর ১০) যখন পানি বরফে পরিনত হয়, তখন নিচের কোন ঘটনাটি সংঘটিত হয়-

(ক) আয়তন অপরিবর্তিত থাকে
(খ) আয়তন বৃদ্ধি পায়
(গ) আয়তন হ্রাস পায়
(ঘ) বরফের ওজন বৃদ্ধি পায়
(ঙ) বরফের ওজন হ্রাস পায়

উত্তর:

৪৮। (নম্বর ১০) নিচের কোন ধাতব পদার্থটি স্বাভাবিক তাপমাত্রায় তরল অবস্থায় থাকে ?

(ক) লৌহ (গ) পারদ (গ) স্বর্ণ (ঘ) প্লাটিনাম (ঙ) তামা

উত্তর:

৪৯। (নম্বর ১০) বায়ুর প্রধান উপাদান কোনটি ?

(ক) অক্সিজেন (খ) হাইড্রোজেন (গ) নাইট্রোজেন (ঘ) হিলিয়াম (ঙ) মিথেন

উত্তর:

৫০। (নম্বর ১০) তড়িৎ ক্ষমতার পরিমাপের একক কি ?

(ক) ওয়াট (খ) ক্যালরি (গ) কুলম্ব (ঘ) জুল (ঙ) ফ্যারাড

উত্তর:

৫১। (নম্বর ১০) বাংলাদেশের প্রথম প্রধান মন্ত্রী কে ছিলেন

- (ক) শেখ মুজিবুর রহমান
- (খ) তাজউদ্দিন আহমেদ
- (গ) নজরুল ইসলাম
- (ঘ) খন্দকার মোস্তাক
- (ঙ) কামরুজ্জামান

উত্তর:

৫২। (নম্বর ১০) পৃথিবীর সবচাইতে আয়তনে বৃহৎ দেশ-এর নাম কি ?

- (ক) চীন (খ) রাশিয়া (গ) যুক্তরাষ্ট্র (ঘ) গ্রিনল্যান্ড (ঙ) অস্ট্রেলিয়া

উত্তর:

৫৩। (নম্বর ১০) পৃথিবীর সর্ববৃহৎ স্তন্যপায়ী প্রাণির নাম কি?

- (ক) হাতি (খ) টিরানোসরাস রেক্স (গ) নিল তিমি (ঘ) গভার (ঙ) জলহস্তি

উত্তর:

৫৪। (নম্বর ১০) পৃথিবীর কোন দেশের জনসংখ্যা সবচাইতে বেশি ?

- (ক) যুক্তরাষ্ট্র (খ) বাংলাদেশ (গ) ভারত (ঘ) ইথিওপিয়া (ঙ) চীন

উত্তর:

৫৫। (নম্বর ১০) আপেক্ষিকতাবাদ-এর জন্য কোন পদার্থবিদ নোবেল পুরস্কারে ভূষিত হন?

- (ক) রবার্ট রাদারফোর্ড (খ) মারিয়া কুরি (গ) আলবার্ট আইনস্টাইন (ঘ) জন গ্লেন
- (ঙ) ম্যাক্সওয়েল

উত্তর:

Question #56 (নম্বর ১০) Translate the following sentence into English.

রহিম-এর বয়স তার বোন সেলিনা-র চাইতে ৫ বছর বেশি

Question #57 (নম্বর ১০) Translate the following sentence into English.

গতবছর বন্যায় অনেক মানুষের প্রাণহানি হয়েছে

Question #58 (নম্বর ১০) Which one of the following is closest in meaning to the phrase “A stitch in time saves nine!”

- A. You need to fix a problem right away so that it doesn't become worse
- B. The best time to start saving is Now.
- C. If you are not careful, you can get into accidents
- D. Saving money is a good habit

Question #59 (নম্বর ১০) Write the following sentence after correcting all the grammatical and spelling mistakes –

“Every year cyclones hits Bangladesh and take lots of lifes and causes greater damage”

Question #60 (নম্বর ১০) Write the following sentence after correcting all the grammatical and spelling mistakes –


“Delduar Upazilla have many brilient and intelegent student ”




সংশোধনি
স্পন্দন-বি মেধা বৃত্তি পরীক্ষা ২০১০
(অষ্টম শ্রেণী)

নির্দেশনাঃ মূল প্রশ্নপত্রে কয়েকটি প্রশ্নে ত্রুটি থাকায় নিচে সেই প্রশ্নগুলো সংশোধন করে দেওয়া হলো। সংশোধিত প্রশ্নের উত্তর মূল প্রশ্নপত্রেই দিতে হবে।

১। (নম্বর ১০) একটি ত্রিমাত্রিক বস্তুর সামনের, উপরের এবং এক-ধারের ছবি নিচে দেওয়া হল।



নিচের কোনটি ঐ বস্তুটি বলে তুমি মনে কর?



২০। (নম্বর ২০) একটি সামুদ্রিক মাছের সম্পূর্ণ দৈর্ঘ্য তিনটি অংশে ভাগ করা যায় - মাথা, দেহ এবং লেজ। লেজটি মাথার চাইতে সম্পূর্ণ দৈর্ঘ্যের এক-চতুর্থাংশ বেশী। দেহ সম্পূর্ণ দৈর্ঘ্যের এক-চতুর্থাংশ। মাথার দৈর্ঘ্য ৪ সেন্টিমিটার। তবে মাছটির সম্পূর্ণ দৈর্ঘ্য কত?

৩০। (নম্বর ১০) নিচের মানচিত্রে প্রশান্ত মহাসাগরের তিনটি দ্বীপের অবস্থান দেখানো হয়েছে। নিঝুম দ্বীপ থেকে প্রবাল দ্বীপের সর্বনিম্ন দূরত্ব কত?

